

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

## শোক সংবাদ


### ভলাকুট ইউপি চেয়ারম্যানের মৃত্যুতে এলজিআরডি মন্ত্রীর শোক

ঢাকা, ০৬ এপ্রিল ২০১৭ঃ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর উপজেলার ভলাকুট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এস এম বাকী বিল্লাহ (জুয়েল)-এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।

আজ এক শোকবাণীতে মন্ত্রী বলেন, এস এম বাকী বিল্লাহ (জুয়েল)-এর মৃত্যুতে তাঁর এলাকার জনগণ একজন নিবেদিত প্রাণ ও তরুণ রাজনীতিককে হারালো। বাকী বিল্লাহ নাসিরনগর উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক ছিলেন। রাজনীতির অঙ্গনে তিনি উজ্জ্বল ভূমিকা রেখে গেছেন। মন্ত্রী মরহুমের শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান এবং বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন।

উল্লেখ্য, ইউপি চেয়ারম্যান এস এম বাকী বিল্লাহ (জুয়েল) গত ০৪/০৪/২০১৭ তারিখ রাত সাড়ে ১০ ঘটিকায় ঢাকা-সিলেট মহাসড়কে মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহত হন (ইন্নািল্লাহে.....রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৩৭ বছর। তিনি মৃত্যুকালে ২ সন্তান ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

  
(মোহাম্মদ জাকির হোসেন)

জনসংযোগ কর্মকর্তা

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
মোবাইলঃ ০১৯১২৭২১২৩৬